সংবাদ

056

৭/

তাং ৩০/১/৮২

পৃঃ

## ফিল্ম ইন্‌স্টিটিউট অ্যাণ্ড আর্কাইভ

# উচ্চতর ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্স চালু করছে

তথ্য, বেতার, ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রণালয়ের অধীন ফিল্ম ইনষ্টিটিউট অ্যাণ্ড আর্কাইভ, ৭৮৭ ধানমণ্ডি আবাসিক এলাকা, সড়ক নং-৯।এ (পুরাতন-১৯), ঢাকা আগামী ১লা ফেব্রুয়ারী, ১৯৮২ থেকে উচ্চতর ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্স চালু করতে যাচ্ছে।

বাংলাদেশে এই কোর্সটি সর্ব প্রথম এবং এটা ছ' মাসব্যাপী চালু থাকবে। যে সব ছাত্র-ছাত্রী ফিল্ম ইনষ্টিটিউট অ্যাণ্ড আর্কাইভ কর্তৃক পরিচালিত প্রথম ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্সে কৃতকার্য হয়েছেন কেবলমাত্র সেইসব উত্তীর্ণ ছাত্র-ছাত্রীকে এই কোর্সে ভর্তি করা হচ্ছে। কোর্সে এসথেটিকস্ অব ফিল্ম আর্ট, আর্ট ডিরেকশন, মোশান পিকচার ফটোগ্রাফী, স্ক্রীন প্লে এবং স্যুটিং স্ক্রীপ্ট লেখন ইত্যাদি বিষয়সমূহে প্রশিক্ষণ দান করা হবে। প্রতিটি লেক-

(৭-এর পাতায় দেখুন)

## এ্যাপ্রিসিয়েশন কোর্স

(৬-এর পাতায় পর)

চারের পর ছাত্র-ছাত্রীদেরকে চলচ্চিত্রের সমালোচনা, চলচ্চিত্র জ্ঞান ও গবেষণা সম্পর্কে থিসিস লিখতে দেয়া হবে। এছাড়াও হাতে কলমে ছবি করার পদ্ধতি শিখানো ও ১০ মিনিটের একটি ছোট ছবি করতে দেয়া হবে। গবেষণা ও প্রাকটিক্যাল করার জন্য উপযুক্ত শিক্ষক সাহায্য করবেন। প্রয়োজনে অতিরিক্ত অতিথি শিক্ষকের ব্যবস্থা করা হবে। কোর্স শেষে চলচ্চিত্র সমালোচনা, থিসিস ও মৌখিকসহ মোট ৫০০ নম্বরের পরীক্ষা নেয়া হবে এবং উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সার্টিফিকেট দেয়া হবে।

মাননীয় তথ্য, বেতার, ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জনাব নূরমোহাম্মদ খান আগামী ১লা ফেব্রুয়ারী, ১৯৮২ বিকাল ৪-০০ ঘটিকায় কোর্সটি উদ্বোধন করতে সম্মত হয়েছেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন মাননীয় তথ্য ও বেতার সচিব জনাব খুরশেদ আলম এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ অবজারভারের সম্পাদক ও চলচ্চিত্র নির্মাতা জনাব ওয়াহিদুল হক।

কোর্সে ভর্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদেরকে আগামী ১লা ফেব্রুয়ারী বিকাল ৩-৩০ ঘটিকার সময় ফিল্ম ইনষ্টিটিউট অ্যাণ্ড আর্কাইভের মিলনায়তনে উপস্থিত থাকতে বলা হচ্ছে।